

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০১৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. প্রথম অনুচ্ছেদ - সাহু সিজদা্

بَابُ السَّهْوِ

আরবী

وَعَن عبد لله بن بُحَيْنَة: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صلَّى بِهِمُ الظُّهْرَ فَقَامَ فِي الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ لَمْ يَجْلِسْ فَقَامَ النَّاسُ مَعَهُ حَتَّى إِذَا قَضَى الصَّلَاةَ وَانْتَظَرَ النَّاسُ تَسُلِيمَهُ كَتَّى إِذَا قَضَى الصَّلَاةَ وَانْتَظَرَ النَّاسُ تَسُلِيمَهُ كَبَّرَ وَهُوَ جَالِسٌ فَسَجَدَ سَجْدَتَيْنِ قَبْلَ أَنْ يُسَلِّمَ ثُمَّ سَلَّمَ

বাংলা

১০১৮-[৫] 'আবদুল্লাহ ইবনু বুহায়নাহ্ (রাঃ)থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদেরকে যুহরের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করালেন। তিনি প্রথম দু' রাক্'আত পড়ে (প্রথম বৈঠকে বসা ছাড়া তৃতীয় রাক্'আতের জন্য) দাঁড়িয়ে গেলেন, বসলেন না। অন্যান্যরাও তাঁর সাথে দাঁড়িয়ে গেলেন। এমনকি সালাত (সালাত/নামায/নামাজ) যখন শেষ করলেন এবং লোকেরা সালাম ফিরাবার অপেক্ষা করলেন, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বসা অবস্থায় তাকবীর দিলেন এবং সালাম ফিরাবার পূর্বে দু'টি সিজদা্ (সিজদা/সেজদা) করলেন, তারপর সালাম ফিরালেন। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৫৭০, বুখারী ৮২৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: 'অতঃপর বসা অবস্থায় তাকবীর দিয়ে সালাম ফিরানোর পূর্বে দু'টি সিজদা (সিজদা/সেজদা) করলেন'- এ থেকে জানা যায় যে, সাহু সিজদা (সিজদা/সেজদা) দেয়ার পূর্বে তাকবীর বলতে এবং তা স্বরবে বলতে হবে। আর এটাও সাব্যস্ত হয় যে, সালামের পূর্বেই সাহু সিজদা (সিজদা/সেজদা) দিতে হবে। যদিও তা সর্বাবস্থায় নয় তবুও এ অংশটি তাদের মত প্রত্যাখ্যান করে যারা বলেন যে, সাহু সিজদা (সিজদা/সেজদা) সর্বাবস্থায় সালামের পরে হবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন